

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

স্মারক নং- ২৫.৩৮.০০০০.৩০২.১৮.০৫৯.১৯- ২০২৩


তারিখ: ৩১.১০.২০১৯খ্রি:

অফিস আদেশ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চট্টগ্রাম ডিভিশনে কর্মরত উপ সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব মো: আশ্রাফুজ্জামান গত ৩১.১০.২০১৯খ্রি: তারিখে আনুমানিক বিকাল ৫:৫০ টায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান এর অফিস কক্ষে প্রবেশ করে কর্তৃপক্ষের দপ্তরে কর্মরত একাধিক উর্ধ্বতন কর্মকর্তার উপস্থিতিতে চেয়ারম্যান এর সাথে উদ্ধত ও অশোভন আচরণ করেন, তার বদলির বিষয়ে প্রশ্ন করেন, উচ্চস্বরে বাক্য বিনিময় করেন এবং তাকে বদলি না করা সত্ত্বেও বর্তমান কর্মস্থল থেকে যেন বদলি না করা হয় সে বিষয়ে চাপ প্রয়োগ করেন। তার এহেন আচরণ চাকুরির শৃঙ্খলা ও নিয়মের সুস্পষ্ট অবমাননা, অশোভনীয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০০৫ এর প্রবিধান ২(ক) অনুসারে অসদাচরণভুক্ত এবং গুরুদণ্ডযোগ্য অপরাধ।

২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০০৫ এর প্রবিধান ৪৩ অনুসারে জনাব মো: আশ্রাফুজ্জামানকে অদ্য ৩১/১০/২০১৯খ্রি: তারিখ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মো: রাশিদুল ইসলাম
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
ফোন: ০২-৯৫৬২৭৬২

ইমেইল: chairman@nha.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সদস্য, (প্রশাসন ও অর্থ)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)/(প্রকৌশল ও সমন্বয়)/(পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৫। পরিচালক, (প্রশাসন ও অর্থ)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, সকল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। উপ পরিচালক, (প্রশাসন ও অর্থ)/(অর্থ ও হিসাব), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৯। জনাব মো: আশ্রাফুজ্জামান, উপ সহকারী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্তকৃত), চট্টগ্রাম বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- ১০। প্রশাসনিক কর্মকর্তা, সকল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ১১। ব্যক্তিগত নথি।